আলমডাঙ্গা কুমারী সরকারি রাস্তার গাছ ভেঙ্গে দেবার অভিযোগ

আলমডাঙ্গার কুমারী গাংপাড়ায় রাস্তার এজিংয়ে মাটি ভরাটের নামে গাছ ভেঙে দেবার অভিযোগ উঠেছে। আজ শনিবার আশাদুল হক নামের একজন ব্যাক্তি অভিযোগ তুলেছেন।

জানাগেছে, উপজেলার কুমারী ইউনিয়নের গাংপাড়া এলাকায় এলজিইডির অধিনে পাঁকা রাস্তার দু’পাশে মাটি ভরাটে কাজ চলছে। গত বৃহস্পতিবার সকাল থেকে এ মাটি ভরাটের কাজ শুরু হয়। কাজের দায়িত্বপালন করেন কুমারি গ্রামের এক ঠিকাদারি প্রতিষ্ঠান। তবে, সরকারি রাস্তার পাশে অবশিষ্ট মালিকানা জমি থেকে স্কোভেটর দিয়ে মাটি কেটে নেয়। সড়কের পাশে বড় বড় গর্ত হলেও গাংপাড়া এলাকার আশাদুলের বাড়ির সামনে প্রায় ১১ টি ভেটুল গাছ ভেঙে দেয় স্কোভেটর চালক।

আশাদুল অভিযোগ করে বলেন, আমার বাড়ির সামনে মরা গাং। গাংয়ের পাশে সরকারি জমি দখল করে আলম হোসেন নামের এক ব্যক্তি পুকুর খনন করেছে। তার পুকুর খননের আগেই ওই জমিতে গাছ লাগিয়ে ছিলাম। স্কোভেটর চালককে টাকা দিয়ে জোরপূর্বক ভাবে ১১ টি ভেটুল গাছ ভেঙে দিয়েছে।

এবিষয়ে আলম হোসেনের সাথে মোবাইল ফোনে যোগাযোগ করার চেষ্টা করা হলে সম্ভব হয়নি।

আলমডাঙ্গা কুমারী ইউনিয়ন ভূমি কর্মকর্তার সাথে মুঠোফোনে কথা হলে তিনি জানান, সরকার জমির গাছ ভেঙে থাকাটা অপরাধ। আমরা বিষয়টি জানতে পেরেছি। উর্ধতন কর্মকর্তার সাথে কথা বলে গাছ গুলো হেফাজতে নেওয়া হবে।